

## রাত্রির দ্বিতীয় প্রহর

\*\*\*\*\*

চোখের পাতা জড়িয়ে আসে  
তবুও চোখে আসেনা ঘুম  
আমি শুধু জেগে থাকি একা  
আর চারিদিক নিবুম  
রাত্রের নিঃস্বপ্নতায় ঘড়ির কাঁটার  
টিক টিক আওয়াজ টা আরো  
আরো যেন স্পষ্ট হয়ে উঠে  
আর কলমের ডগা দিয়ে  
মাঝরাত্রেও যায় লিখে।  
সবাই ঘুমের ঘোরে আচ্ছন্ন  
রাত্রির দ্বিতীয় প্রহরে.....  
আর আমার জাগাও শুরু দ্বিতীয় প্রহরে,  
পাহারা দি স্বপ্ন গুলো,আশা গুলোকে  
পাহারা দি নিঃস্বপ্নতাকে।  
পাড়ার কুকুর গুলো মাঝে মাঝে  
চিৎকার করে ওঠে গলাছেড়ে  
কিছুক্ষন পর তারাও স্তব্ধ হয়ে যায়  
ঘুমের ঘোরে।  
শুধু একা জেগে থাকি আমি  
আর নিঃস্বপ্নতা,নিঃসঙ্গতা  
শুধু জেগে থাকি আমি  
আর আমার শূন্যতা.....

মীর গোলাম সাবীর আলী।

আমার কবিতা সংগ্রহ।

৯৮৩৬১০৭৯৫৭